

শিশু কল্যাণ ট্রাস্ট  
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়  
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ভবন  
মিরপুর-২, ঢাকা-১২১৬  
[www.skt.gov.bd](http://www.skt.gov.bd)

স্মারক নং-৩৮.০১.০০০০.০০০.২৭.০০১.১৯.২৬

তারিখ : ২০ কার্তিক, ১৪২৬ বঙ্গ  
০৫ নভেম্বর, ২০১৯ খ্রিঃ

### বিজ্ঞপ্তি

এতদ্বারা শিশু কল্যাণ ট্রাস্ট পরিচালিত শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়সমূহের সকল শিক্ষকগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ট্রাস্ট দপ্তর থেকে জরুরী প্রয়োজনে মোবাইল ফোনের মাধ্যমে যোগাযোগের চেষ্টা করা হলে অধিকাংশ সময়ে কোন কোন শিক্ষক মোবাইল ফোন রিসিভ করেন না।

২। সকল বিদ্যালয়সমূহের জন্য ট্রাস্ট দপ্তর থেকে ই-মেইল এ্যাড্রেস ও পাসওয়ার্ড সরবরাহ করা হলেও কোন কোন শিক্ষক ক্ষমতা নিয়মিত ই-মেইল এবং শিশু কল্যাণ ট্রাস্ট দপ্তরের ওয়েব সাইট ([www.skt.gov.bd](http://www.skt.gov.bd)) চেক/ভিজিট না করার কারণে প্রয়োজনীয় জরুরী পত্রের জবাব যথাসময়ে প্রেরণে ব্যর্থ হচ্ছেন। যার ফলে দপ্তরের বিভিন্ন জরুরী কাজে বিঘ্ন সৃষ্টি হচ্ছে; যা অনিবার্য ও অনাকাঙ্খিত।

এমতাবস্থায়, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয়সমূহের সকল শিক্ষকগণকে মোবাইল ফোন রিসিভ ও বিদ্যালয়সমূহের নির্ধারিত ই-মেইল এবং ওয়েব সাইট নিয়মিত ভিজিট করা ও ট্রাস্ট হতে চাহিত তথ্যাদি যথাসময়ে প্রেরণের বিষয়ে সতর্কতা অবলম্বনের জন্য অনুরোধ করা হল।

  
(হাবিদুর রহমান)  
পরিচালক (অতিরিক্ত সচিব)  
শিশু কল্যাণ ট্রাস্ট  
ফোন: ৫৫০৭৪৮৮৮  
ই-মেইলঃ- [sktdpe@gmail.com](mailto:sktdpe@gmail.com)

#### অনুলিপিৎ অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- প্রধান/সহকারি শিক্ষক, শিশু কল্যাণ প্রাথমিক বিদ্যালয় (সকল)।
- অফিস কপি।